27/8/2007

দৈনিক ইত্তেফাক

তারিখ ...........
পৃষ্ঠা ৭ কলাম ৬.....

# রায়পুর সরকারী কলেজে শিক্ষক সংকট

রায়পুর (লক্ষ্মীপুর) সংবাদদাতা ॥ গত এক দশক যাবৎ রায়পুর সরকারী ডিগ্রী কলেজে শিক্ষকের চরম সংকট লাগিয়া আছে। শিক্ষক সংকটের কারণে কলেজটিতে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া মারাত্মকভাবে ব্যাহত হইতেছে। কলেজটিতে ২০ জন শিক্ষক পদের মধ্যে অধিকাংশ সময় অর্ধেক শিক্ষকের পদ শূন্য থাকে। শিক্ষক সংকটের কারণে সরকারী কলেজ হওয়া সত্বেও ছাত্র-ছাত্রীরা যথাযথ শিক্ষা লাভে বঞ্চিত হইতেছে। পাশাপাশি কলেজে প্রশাসনিক জটিলতা দেখা দিয়াছে। এইসব কারণে কলেজে একাদশ শ্রেণীতে ছাত্র-ছাত্রীর ভর্তির হার কমিয়া যাইতেছে।

গত মে মাসের শেষ-সপ্তাহ হইতে ৯ জন শিক্ষকের পদ শূন্য আছে। পদার্থবিদ্যা, রসায়ন, গণিত ও অর্থনীতি বিভাগে ১টি করিয়া পদ থাকিলেও সবগুলি পদই বর্তমানে শূন্য। বাংলা, হিসাব বিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের প্রত্যেকটির ২টি পদের মধ্যে ১টি করিয়া এবং ব্যবস্থাপনা বিভাগের ১টি শিক্ষক পদ শূন্য আছে বলিয়া জানা গিয়াছে।